

প্রবল বিক্ষোভের মুখে ছাত্রদের ৫ দফা মেনে নিয়েছে জাবি প্রশাসন

জাবি সংবাদদাতা ॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে প্রাইভেট কারের খান্ডায় নূ-বিভাগ প্রথম বর্ষের ছাত্র মামুনের মারাত্মক আহতের ঘটনায় সাধারণ ছাত্রছাত্রী উপস্থাপিত ৫ দফা দাবি প্রবল বিক্ষোভের মুখে শনিবার প্রশাসন মেনে নিয়েছে। শনিবার ৫ দফা দাবিতে শত শত সাধারণ ছাত্রছাত্রী মিছিল করে দাবি মানার লিখিত অসীকার না দেয়া পর্যন্ত প্রশাসন ভবনে প্রায় দু'ঘণ্টা অবস্থান ধর্মঘট পালন করে। প্রবল ছাত্র বিক্ষোভের মুখে উপাচার্য অধ্যাপক জসীমউদ্দিন আহমদ দাবিগুলো মেনে

নিয়ে লিখিত অসীকারনামা পড়ে শোনান। অসীকারনামায় উপাচার্য জাবি চিকিৎসা কেন্দ্রের কর্তব্যরত ডাক্তার বীরেন্দ্র কুমারকে সাময়িকভাবে অব্যাহতি, আহত মামুনের চিকিৎসার সার্বিক ব্যয়ভার বহন, জরাজীর্ণ চিকিৎসা কেন্দ্রকে হাসপাতালে রূপান্তর, ঘটক প্রাইভেট কার শনাক্তকরণ ও ড্রাইভারের শাস্তির ব্যবস্থা এবং ক্যাম্পাসে গাড়ি প্রবেশের নীতিমালা প্রণয়ন করা হবে বলে ঘোষণা করেন। কলা ও মানবিকী অনুষদের ডিন অধ্যাপক এনামুল হক খান এ সময় উপস্থিত ছিলেন।